# ফরেক্সকপি সিস্টেম ইউজার অ্যাগ্রিমেন্ট

বর্তমান ত্রিপক্ষীয় চুক্তির (এরপর থেকে "চুক্তি" হিসাবে উল্লেখ করা হয়েছে) তিনটি পক্ষ হলো - ইন্সটাফরেক্স গ্রুপ (এরপর থেকে "কোম্পানি" হিসাবে উল্লেখ করা হয়েছে), ইন্সটাফরেক্স গ্রাহক যিনি মুনাফা অর্জনের আশায় আর্থিক ঝুঁকি গ্রহণ করে কোম্পানির অন্য যেকোনো গ্রাহকের অনলাইন ট্রেড কপি করবে (এরপর থেকে "ফলোয়ার" হিসাবে উল্লেখ করা হয়েছে), এবং ইন্সটাফরেক্স গ্রাহক যিনি ফলোয়ারকে তার ট্রেড কপি করার অনুমতি দিবে।

**1.** সংজ্ঞা

"কোম্পানি" হলো ইন্সটাফরেক্স গ্রুপ, যা "ইন্সটাট্রেডার" ট্রেডিং প্লাটফর্ম এবং ফলোয়ার ও ট্রেডারের মধ্যকার পেমেন্ট নিষ্পত্তি করার পদ্ধতির (এরপর থেকে এটাকে "ফরেক্সকপি সিস্টেম" হিসাবে উল্লেখ করা হয়েছে) সরবরাহকারী।

"ট্রেডার" হলো ফরেক্সকপি সিস্টেমে ট্রেডার হিসাবে নিবন্ধিত কোম্পানির গ্রাহক যিনি তার নিজের ট্রেড কপি করার জন্য অনুমতি দেয়, এবং তার নিজের ও ফলোয়ারদের পক্ষে অ্যাকাউন্ট ব্যবস্থাপনা করে।

"ফলোয়ার" হলো ফরেক্সকপি সিস্টেমে ফলোয়ার হিসাবে নিবন্ধিত কোম্পানির গ্রাহক, যিনি ফরেক্সকপি সিস্টেমে নিবন্ধিত যেকোনো ট্রেডারের ট্রেড কপি করবে।

"মনিটরিং" হলো কোম্পানির ওয়েবসাইটের একটি বিশেষ পেইজ, যেখানে কোম্পানির ওয়েবসাইটে উন্মুক্ত ট্রেডার, ফরেক্সকপি শাখার ট্রেডার ক্যাবিনেট এবং ফলোয়ার ক্যাবিনেটের ট্রেডারদের তথ্য সরবরাহ করা হয়।

**2.** সাধারণ বিধান

**2.1.** ফরেক্সকপি সিস্টেমের বর্ণনা

ফরেক্সকপি সিস্টেম হলো একটি সফটওয়্যার পণ্য। এর প্রস্তুতকারক এবং মালিক কোম্পানি। এটা তৈরি করা হয়েছে কোম্পানিতে নিবন্ধিত ট্রেডিং অ্যাকাউন্টগুলোর মধ্যে ট্রেড কপি করার কার্যক্রমকে সয়ংক্রিয়ভাবে সম্পন্ন করার জন্য। ফরেক্সকপি সিস্টেম নিম্নোক্ত কাজগুলো স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করবে:

**2.1.1.** ফরেক্সকপি সিস্টেমে ফলোয়ারের নিবন্ধন;

**2.1.2.** ফরেক্সকপি সিস্টেমে ট্রেডারের নিবন্ধন;

**2.1.3.** ট্রেড কপি করার উদ্দেশ্যে ট্রেডারের অ্যাকাউন্টে ফলোয়ারের সাবস্ক্রিপশন এবং ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেডারের অর্ডার কার্যক্রম সম্পন্ন করা।

**2.1.4.** ট্রেড কপি করা এবং লাভজনক ট্রেড সম্পন্ন করার জন্য ফলোয়ার কর্তৃক ট্রেডারকে দেওয়া কমিশনের হিসাব;

**2.1.5.** ফলোয়ার কর্তৃক ট্রেডারকে প্রদানকরা প্রতি সাবস্ক্রিপশন ডে এর জন্য কমিশনের হিসাব;

**2.1.6.** ট্রেডারের অ্যাকাউন্টে কমিশন প্রদান;

**2.1.7.** ট্রেডার কর্তৃক ট্রেড কপি করার শর্তসমূহ পরিবর্তন সমন্বয়;

**2.1.8.** ট্রেড কপি করার জন্য ফলোয়ার কর্তৃক সাবস্ক্রিপশন প্যারামিটার পরিবর্তন সমন্বয়;

**2.1.9.** ট্রেডার অ্যাকাউন্টের তথ্য আপডেট করা এবং ফলোয়ার ক্যাবিনেটে তা প্রদর্শন।

**2.2.** গ্রাহক ফলোয়ার অথবা ট্রেডার হিসাবে ফরেক্সকপি সিস্টেমে নিবন্ধিত হওয়ার পর ফরেক্সকপি সিস্টেম তার কাছে সহজলভ্য হবে। এই চুক্তির ৬ ধারায় ফরেক্সকপি সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশন উল্লেখ করা হয়েছে।

**2.3.** ট্রেডার কর্তৃক সম্পাদিত ফরেক্স ট্রেড এবং ফলোয়ার কর্তৃক কপি করা ট্রেড এর সাথে সম্পর্কিত ঝুঁকি রয়েছে ফরেক্সকপি সিস্টেমে। এছাড়াও ফরেক্সকপি সিস্টেম বা ট্রেডিং প্লাটফর্মের টেকনিক্যাল ক্রুটি জনিত ঝুঁকি রয়েছে।

**3.** কোম্পানির অধিকার ও কর্তব্য।

কোম্পানি ট্রেডিং অ্যাকাউন্ট নিবন্ধনের সময় গ্রহণকৃত পাবলিক অফার এগ্রিমেন্ট ছাড়াও বর্তমান চুক্তির কারণে অতিরিক্ত দায়িত্ব ও কর্তব্যের অধিকারী হবে। কোম্পানির সার্ভার সঠিকভাবে কাজ করলে কোম্পানি উল্লিখিত সব দায়িত্ব পালন করবে।

**3.1.** ট্রেড কপি করা

কোম্পানি ট্রেডার অ্যাকাউন্ট থেকে ফলোয়ার কর্তৃক ট্রেড কপি করার অনুরোধ রেকর্ড করবে এবং ট্রেডার অনুরোধ গ্রহণ করার ৩০ মিনিটের মধ্যে ট্রেডার অ্যাকাউন্ট থেকে ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেড কপি হবে।

কোম্পানি ট্রেডার অ্যাকাউন্ট থেকে ফলোয়ারের অ্যাকাউন্টে তাৎক্ষণিকভাবে ট্রেড কপি করবে এবং সর্বোচ্চ গ্রহণযোগ্য বিলম্ব হবে ২ মিনিট।

যেসব অর্ডার দুই মিনিটের কম সময় ওপেন থাকে সেগুলো ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ারের অ্যাকাউন্টে কপি না হতে পারে।

যদি কোনো ফরেক্সকপি ট্রেডার স্টপ লস অথবা টেক প্রফিট সেটিংস পরিবর্তন করে, তাহলে উক্ত পরিবর্তন ফরেক্সকপি ফলোয়ারের কপি করা ট্রেড এর সাথে সমন্বিত হতে পারে, সেক্ষেত্রে ১ থেকে ২ মিনিট সময় লাগবে। উক্ত সময়ক্ষেপণ এর ফলে সংঘটিত ফলাফল গ্রাহক মেনে নিবে।

**3.2.** লাভ এবং ক্ষতির রেকর্ড

ট্রেডার তার ট্রেড কপি করার অনুরোধ গ্রহণ করার পর, কোম্পানি ট্রেডারের ওপেন করা ট্রেড এবং ফলোয়ারের কপি করা ট্রেড এর লাভ-ক্ষতির রেকর্ড রাখবে। এই রেকর্ড প্রতি ঘণ্টায় একবার সরবরাহ করা হবে। এই রেকর্ডের ফলাফল ট্রেডার ক্যাবিনেট ও ফলোয়ার ক্যাবিনেটে সহজলভ্য হবে।

**3.3.** ট্রেড কপি করার সাবস্ক্রিপশন বাতিল

ফলোয়ার বা ট্রেডার যদি ট্রেড কপি করার সাবস্ক্রিপশন বাতিল করার জন্য অনুরোধ করে, তাহলে কোম্পানি তা ৩০ মিনিটের মধ্যে কার্যকর করবে। সাবক্রিপশন বাতিলের সময় ফলোয়ার ক্যাবিনেটে প্রদর্শিত মুনাফা এবং ফলোয়ারকে প্রদেয় মুনাফার মধ্যে পার্থক্য থাকতে পারে। ট্রেডার ক্ষতির সম্মুখীন হলে বা তার ট্রেড স্টপ-আউটের সময় ক্লোজ হলে এই ধরনের পরিস্থিতি তৈরি হতে পারে।

**3.4.** ট্রেডারের উত্তোলন থেকে ফলোয়ারের তহবিলকে সুরক্ষা প্রদান

কোম্পানি নিশ্চয়তা প্রদান করবে যে, সাবস্ক্রিপশন প্রিয়ডে ট্রেডার তার ফলোয়ারের অ্যাকাউন্ট থেকে তহবিল উত্তোলন করতে পারবে না। এছাড়াও, ট্রেডার তার অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করতে পারবে না যার ফলে ওপেন ট্রেড বন্ধ (মার্জিন) হতে পারে।

**3.5.** যোগাযোগের তথ্য সরবরাহকরণ

কোম্পানি নিশ্চিত করছে যে, ট্রেডারের যোগাযোগে তথ্য (ইমেইল এবং ফোন নম্বর)

মনিটরিং পেইজে সাধারণের জন্য উন্মুক্ত। সরবরাহকৃত তথ্য ব্যবহার করে ট্রেডারের সাথে যোগাযোগ করা হতে পারে।

যে ট্রেডারের ট্রেড কপি করা হবে তার কাছে ফলোয়ারের যোগাযোগের তথ্য (ইমেইল এবং ফোন নম্বর) সরবরাহ করা কোম্পানি নিশ্চিত করবে। ট্রেডার কর্তৃক ফলোয়ারের অনুরোধ গ্রহণ করার পর ট্রেডারের কাছে তথ্য সহজলভ্য হবে।

**3.6.** ট্রেডার স্বীকার করছে যে, সে যদি কোনো ধরনের যোগাযোগ যেমন - ইমেইল, ফলোয়ারদের কাছে প্রেরিত বার্তা, মনিটরিং পেইজে কোনো ফরেক্সকপি প্রকল্পের বর্ণনা অথবা কোনো সামাজিক মাধ্যম বা অন্য কোনো উপায়ে কোম্পানির মানহানি করে তাহলে কোম্পানি ফরেক্সকপি সিস্টেম থেকে প্রাপ্ত তার মুনাফার সম্পূর্ণ অংশ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**3.7.** ট্রেডার যদি ইচ্ছাকৃতভাবে এমন তথ্য প্রদান করে যা অন্য ট্রেডারের প্রদানকৃত তথ্যের সাথে হুবুহু বা আংশিকভাবে মিলে যায় এবং ফলোয়ারদের প্রতারিত করার সম্ভাবনা থাকে, তাহলে কোম্পানি ট্রেডার সম্পর্কিত তথ্য পরিবর্তন করতে পারবে। কিছু কিছু ক্ষেত্রে ফরেক্সকপি সিস্টেমে উক্ত ট্রেডারের কার্যক্রম বাতিল করা হতে পারে।

**3.8.** ট্রেড পুনরায় কপি হওয়ার জন্য ট্রেডারকে কমিশন প্রদন নিশ্চিত করা। ট্রেডার ২ যদি ট্রেডার ১ এর ট্রেড কপি করে এবং সেটা ট্রেডার ৩ এর কাছে বিক্রি করে, তাহলে ট্রেডার ৩ যে পরিমাণ কমিশন ট্রেডার ২ কে প্রদান করবে, ট্রেডার ১ তার ১০% পাবে। 6.9 ধারায় বর্ণিত শর্তানুসারে কমিশন প্রদান করা হয়।

**3.9.** ফলোয়ারের বাছাই করা শর্তের ভিত্তিতে সাবস্ক্রাইব নিশ্চিত করা। ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেড কপি হয় ট্রেডার কর্তৃক নির্ধারিত শর্তসমূহ থেকে ফলোয়ারের বাছাই করা শর্তের ভিত্তিতে। যখন ফলোয়ার ট্রেডারের কাছে সাবস্ক্রাইব করে তখন কপি করার শর্তসমূহ নির্দিষ্ট সাবস্ক্রিপশনের জন্য সংরক্ষণ করা হয়। ট্রেডার যদি কপি করার শর্তসমূহ পরিবর্তন করে তাহলে পরিবর্তিত শর্তসমূহ শুধু নতুন সাবস্ক্রিপশনের জন্য প্রযোজ্য হবে।

**4.** ফলোয়ারের অধিকার ও কর্তব্য

গ্রাহক ট্রেডিং অ্যাকাউন্ট নিবন্ধন করার সময় গ্রহণকৃত পাবলিক অফার এগ্রিমেন্ট এর অধিকার ও কর্তব্য ছাড়াও বর্তমান চুক্তি ফলোয়ারকে অতিরিক্ত অধিকার ও কর্তব্য প্রদান করছে। কোম্পানির সফটওয়্যার এবং হার্ডওয়ারের মাধ্যমে ফলোয়ারকে তার অধিকার প্রদান করা হবে। যদি টেকনিক্যাল সমস্যা বা সফটওয়্যার সমস্যা দেখা দেয়, তাহলে কোম্পানি ফলোয়ারের অধিকার সম্পূর্ণরূপে পূরণ করার নিশ্চয়তা প্রদান করছে না।

**4.1.** ঝুঁকি

7 ধারায় বর্ণিত সকল ঝুঁকি ফলোয়ার গ্রহণ করেছে। ফলোয়ার স্বীকার করছে যে, এখানে সম্ভাব্য সব ঝুঁকি অন্তর্ভুক্ত করা হয়নি এবং কোম্পানি বা তৃতীয় পক্ষের সাথে সংশ্লিষ্ট অন্যান্য ঝুঁকি রয়েছে।

**4.2.** ফরেক্সকপি সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশন মেনে নেওয়া

আর্টিকেল 6 এ বর্ণিত ফরেক্সকপি সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশন এবং এর সাথে সংশ্লিষ্ট যেকোনো ধরনের ঝুঁকি ফলোয়ার মেনে নিবে।

**4.3.** কোম্পানির অবস্থান মেনে নেওয়া

ফলোয়ার স্বীকার করছে যে, বর্তমান চুক্তির ভিত্তিতে কোম্পানি ফরেক্সকপি সিস্টেমের টেকনিক্যাল প্রক্রিয়াগুলো সম্পন্ন করবে। এক্ষেত্রে কোম্পানি ট্রেডারের অ্যাকাউন্টে লেনদেনের ফলাফলের কোনো দায়িত্ব গ্রহণ করবে না।

**4.4.** অ্যাকাউন্ট ব্যবস্থাপনার ক্ষেত্রে ট্রেডারের সাথে যোগাযোগ

ফরেক্সকপি সিস্টেমে ট্রেডার কর্তৃক ট্রেড কপি করার কোনো শর্ত যদি স্পষ্টভাবে উল্লেখ না থাকে, তাহলে ট্রেডার অ্যাকাউন্ট ব্যবস্থাপনা সম্পর্কিত যেকোনো বিষয়ে ফলোয়ার সরাসরি ট্রেডারের সাথে যোগাযোগ করবে এবং এক্ষেত্রে সে 3.5 অনুচ্ছেদের যোগাযোগে তথ্য ব্যবহার করবে।

**4.5.** ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ট্রেড কপি করা

ফলোয়ার ক্যাবিনেটের মাধ্যমে ফলোয়ার তার প্রত্যাশিত ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ট্রেড কপি করার অনুরোধ করতে পারে। ট্রেড কপি করার অনুরোধ করলেও সেটা ট্রেডার কর্তৃক গ্রহণ নাও হতে পারে। ট্রেডার অনুরোধ গ্রহণ করার ৩০ মিনিট পর ট্রেড কপি হওয়ার প্রক্রিয়া শুরু হবে। ট্রেড কপি করার অ্যাকাউন্ট সংখ্যা নির্দিষ্ট নয়।

**4.6.** ট্রেডার অ্যাকাউন্টের পরিসংখ্যানে প্রবেশ

ট্রেডার অ্যাকাউন্টের ব্যালেন্স, ইকুইটি এবং মুনাফা সম্পর্কিত তথ্য (যা প্রতি ঘণ্টায় নিয়মিত আপডেট হয়) ফলোয়ার বিনামূল্যে গ্রহণ করতে পারবে। এই তথ্যের উপর ভিত্তি করে ফলোয়ার ট্রেড কপি করার সাবস্ক্রিপশন বাতিল করতে পারে। যাহোক, ফলোয়ারকে মনে রাখতে হবে যে তথ্য আপডেট হতে মাঝে মাঝে বিলম্ব হতে পারে, যা সাধারণ অবস্থায় সর্বোচ্চ ১ ঘণ্টা লাগে।

**4.7.** ফলোয়ার অ্যাকাউন্টের ট্রেড ক্লোজ করা

ট্রেডার অ্যাকাউন্টে ট্রেড ক্লোজ হওয়ার সাথে সাথে ফলোয়ার অ্যাকাউন্টের ট্রেড ক্লোজ হবে, অথবা 6.13 অনুচ্ছেদে বর্ণিত শর্তানুসারে স্বয়ংক্রিয়ভাবে ক্লোজ হবে। এছাড়াও, ইন্সটাট্রেডার প্লাটফর্মের মাধ্যমে ফলোয়ার তার কপি করা ট্রেডগুলো নিজ ইচ্ছায় ক্লোজ করতে পারবে।

**4.8.** সাবস্ক্রিপশন বাতিল

ট্রেড কপি করা বাতিল হবে যদি:

**4.8.1.** ট্রেডার বা ফলোয়ার যদি সাবস্ক্রিপশন বাতিল করার জন্য অনুরোধ করে;

**4.8.2.** ফলোয়ারের অ্যাকাউন্টে যদি তহবিলের ঘটতি থাকে;

**4.8.3.** ট্রেডারকে কমিশন প্রদানের ক্ষেত্রে ফলোয়ারের অ্যাকাউন্টে যদি তহবিলের ঘটতি থাকে।

**5.** ট্রেডারের অধিকার ও কর্তব্য

গ্রাহক ট্রেডিং অ্যাকাউন্ট নিবন্ধন করার সময় গ্রহণকৃত পাবলিক অফার এগ্রিমেন্ট এর অধিকার ও কর্তব্য ছাড়াও বর্তমান চুক্তি ট্রেডারকে অতিরিক্ত অধিকার ও কর্তব্য প্রদান করছে। কোম্পানির সফটওয়্যার এবং হার্ডওয়্যারের মাধ্যমে ট্রেডারকে তার অধিকার প্রদান করা হবে। যদি টেকনিক্যাল সমস্যা বা সফটওয়্যার সমস্যা দেখা দেয়, তাহলে কোম্পানি ট্রেডারের অধিকার সম্পূর্ণরূপে পূরণ করার নিশ্চয়তা প্রদান করছে না।

**5.1.** ঝুঁকি

7 ধারায় বর্ণিত সকল ঝুঁকি ট্রেডার গ্রহণ করেছে। ট্রেডার স্বীকার করছে যে, এখানে সম্ভাব্য সব ঝুঁকি অন্তর্ভুক্ত করা হয়নি এবং কোম্পানি বা তৃতীয় পক্ষের সাথে সংশ্লিষ্ট অন্যান্য ঝুঁকি রয়েছে। ট্রেডার স্বীকার করছে যে, তার দ্বারা কোনো ক্ষতি হলে বা ফরেক্স ট্রেডিং এর কারণে তার ফলোয়ারের কোনো ক্ষতি হলে তার দ্বায়ভার ট্রেডার গ্রহণ করবে।

**5.2.** ফরেক্সকপি সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশন মেনে নেওয়া

৬ ধারায় বর্ণিত ফরেক্সকপি সিস্টেমের ট্রেকনিক্যাল রেগুলেশন এবং এর সাথে সংশ্লিষ্ট ঝুঁকিসমূহ ট্রেডার মেনে নিবে।

**5.3.** কোম্পানির অবস্থান

ট্রেডার স্বীকার করছে যে, বর্তমান চুক্তির ভিত্তিতে কোম্পানি ফরেক্সকপি সিস্টেম প্রয়োগ করবে এবং ট্রেডার অ্যাকাউন্টে লেনদেনের ফলাফলের কোনো দায়িত্ব গ্রহণ করবে না। কোম্পানি ট্রেডারের কোনো লেনদেন বা মুনাফার সুবিধাভোগী হবে না।

**5.4.** অ্যাকাউন্ট ব্যবস্থাপনার বিষয়ে ফলোয়ারের সাথে যোগাযোগ

ফরেক্সকপি সিস্টেমে ট্রেডার যদি কোনো লেনদেন শর্ত স্পষ্টকরে উল্লেখ না করে তাহলে ট্রেডার সরাসরি ফলোয়ারের সাথে যোগাযাগ করতে পারবে 3.5 অনুচ্ছেদ অনুযায়ী তথ্য ব্যবহার করে। সাবস্ক্রিপশন প্রিয়ডের মধ্যে এবং সাবস্ক্রিপশন বাতিল হওয়ার পর ৩০ দিন পর্যন্ত ট্রেডার ফলোয়ারের যেকোনো অনুসন্ধানের ক্ষেত্রে ৭২ ঘণ্টার মধ্যে ট্রেডার উত্তর প্রদান করবে।

**5.5.** মনিটরিং এর তথ্য

ফরেক্সকপি সিস্টেমে ট্রেডার নিবন্ধিত হওয়ার পর, তার অ্যাকাউন্ট স্বয়ংক্রিয়ভাবে মনিটরং এ অন্তর্ভুক্ত হবে, যা সকলের জন্য কোম্পানির ওয়েবসাইটে উন্মুক্ত এবং কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেটে অন্তর্ভুক্ত হবে। একজন যোগ্য ট্রেডার খুঁজে পাওয়ার জন্য ফলোয়ার মনিটরিং ব্যবহার করতে পারে।

**5.6.** ট্রেড কপি করার জন্য ফলোয়ারের অনুরোধ গ্রহণ

ফরেক্সকপি সিস্টেমে ট্রেডার নিবন্ধিত হওয়ার পর তার ট্রেড কপি করার জন্য কোনো ফলোয়ার অনুরোধ করলে ট্রেডার তা গ্রহণ করতে পারবে। ট্রেডার যেকোনো সময় ফলোয়ারের অনুরোধ বাতিল করতে পারবে। তাসত্ত্বেও, ফলোয়ার যদি কপি করা ট্রেডের কারণে ক্ষতির সম্মুখীন হয় তাহলে, ট্রেডার ফলোয়ারকে একতরফা সিদ্ধান্তের মাধ্যমে আনসাবস্ক্রাইব করতে পারবে না।

**5.7.** ফরেক্সকপি সিস্টেমে ট্রেড কপি করার সাবস্ক্রিপশন বাতিল করা

নিম্নোক্ত ক্ষেত্রে ফরেক্সকপি সিস্টমে ট্রেড কপি করার সাবস্ক্রিপশন বাতিল হবে:

**5.7.1.** ট্রেডার ক্যাবিনেট থেকে ট্রেডার যদি "আনসাবস্ক্রাইব" ক্লিক করে সাবস্ক্রিপশন বাতিল করে;

**5.7.2.** ফলোয়ার ক্যাবিনেট থেকে ফলোয়ার যদি "আনসাবস্ক্রাইব" ক্লিক করে সাবস্ক্রিপশন বাতিল করে;

**5.7.3.** ট্রেডারকে কমিশন প্রদানে ক্ষেত্রে ফলোয়ারের অ্যাকাউন্টে যদি যথেষ্ট পরিমাণ অর্থ না থাকে;

**5.7.4.** ট্রেডার বা ফলোয়ার যদি সাপোর্ট ডিপার্টমেন্টে সাবস্ক্রিপশন বাতিল করার জন্য অনুরোধ করে, তাহলে কোম্পানি সাবস্ক্রিপশন বাতিল করবে;

ফলোয়ার যদি কপি করা ট্রেড থেকে ক্ষতির সম্মুখীন হয়, তাহলে ট্রেডার একতরফাভাবে সিদ্ধান্ত নিয়ে ফলোয়ারকে আনসাবস্ক্রাইব করতে পারবে না।

**5.8.** ট্রেডারকে কমিশন প্রদান

ফলোয়ার যদি সাবস্ক্রিপশন প্রিয়ডে কপি করা ট্রেড থেকে মুনাফা লাভ করে তাহলে ৬ ধারা অনুযায়ী ট্রেডারের অ্যাকাউন্টে কমিশন জমা হবে, অথবা অন্য কোনো অ্যাকাউন্টের কথা উল্লেখ থাকলে 6.9 অনুচ্ছেদ অনুযায়ী জমা হবে।

**6.** ফরেক্সকপি সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশন

**6.1.** ফরেক্সকপি সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশন কতগুলো স্বয়ংক্রিয় প্রক্রিয়া এবং তাদের মেয়াদ বর্ণনা করে। ট্রেডার এবং ফলোয়ার স্বীকার করছে যে টেকনিক্যাল সমস্যা বা সফটওয়্যার সমস্যার কারণে এখানে বর্ণিত প্রক্রিয়াগুলো ব্যাহত হতে পারে।

**6.2.** ফরেক্সকপি সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশন নিম্নোক্ত প্রক্রিয়াগুলোতে প্রয়োগ করা হবে:

**6.2.1.** কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেটের মাধ্যমে ফরেক্সকপি সিস্টেমে ফলোয়ার এবং ট্রেডারের নিবন্ধন;

**6.2.2.** ট্রেডার এবং ফলোয়ারের যোগাযোগের তথ্য সংরক্ষণ। বর্তমান চুক্তি মেনে নিচ্ছে এমন পক্ষগুলোর সাথে যোগাযোগের ক্ষেত্রে তথ্য ব্যবহার করা হবে;

**6.2.3.** লেনদেন কপি করার জন্য ফলোয়ারের অনুরোধ প্রক্রিয়াকরণ;

**6.2.4.** ফলোয়ারের অনুরোধ ট্রেডার কর্তৃক গ্রহণ বা বার্জন;

**6.2.5.** ট্রেডার অ্যাকাউন্ট থেকে ফলোয়ার কর্তৃক কপি করা ট্রেডের রেকর্ড;

**6.2.6.** ফলোয়ার যেসব কারেন্সি পেয়ার কপি করবে সেগুলোর রেকর্ড;

**6.2.7.** প্রতি লাভজনক লেনদেনে ফলোয়ার যে কমিশন ট্রেডারকে দিবে তার রেকর্ড;

**6.2.8.** লাভজনক লেনদেনের প্রতি 0.01 লটে ফলোয়ার যে কমিশন ট্রেডারকে প্রদান করবে তার রেকর্ড;

**6.2.9.** ফলোয়ার ট্রেডারকে মুনাফার যে অংশ প্রদান করবে তার রেকর্ড;

**6.2.10.** সাপ্তাহিক ছুটির দিন ও ফরেক্সে বন্ধের দিনগুলো ছাড়া অন্যান্য দিনগুলোতে ফলোয়ার যে কমিশন ট্রেডারকে প্রদন করবে তার রেকর্ড;

**6.2.11.** ট্রেডার অ্যাকাউন্ট থেকে ফলোয়ার অ্যাকাউন্টে অনলাইনে ট্রেড কপি করা;

**6.2.12.** সাবস্ক্রিপশন বাতিলের জন্য ফলোয়ারের অনুরোধ;

**6.2.13.** সাবস্ক্রিপশন বাতিলের জন্য ট্রেডারের অনুরোধ;

**6.2.14.** ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ার অ্যাকাউন্টে ট্রেড কপি বাতিলকরণ;

**6.2.15.** মনিটরিং লিস্টে ফরেক্সকপি সিস্টেমের পরিসংখ্যান এবং ট্রেডারের অ্যাকাউন্ট সম্পর্কে বিস্তারিত তথ্য প্রত্যেক ফলোয়ারকে প্রদান;

**6.2.16.** ফলোয়ারের অ্যাকাউন্টে স্বয়ংক্রিয়ভাবে ট্রেড ক্লোজ করা।

**6.3.** নিবন্ধন

**6.3.1.** ফলোয়ারের নিবন্ধন

কোনো গ্রাহক কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেটে বর্তমান চুক্তি গ্রহণ করার পর, সে ফরেক্সকপি সিস্টেমে একজন ফলোয়ার হিসাবে নিবন্ধিত হয়। নিবন্ধনের সময় ফলোয়ার যোগাযোগের তথ্য সরবরাহ করবে (ইমেইল, ফোন নম্বর এবং ওয়েব ম্যাসেঞ্জার) এবং ফলোয়ার যেসব ট্রেডারের ট্রেড কপি করবে এই তথ্যগুলো তাদের কাছে প্রেরণ করা হবে। ফলোয়ার যোকোনো সময় যোগাযোগের তথ্য পরিবর্তন করতে পারবে। ফলোয়ার নিবন্ধন সম্পন্ন করার পর কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেটের মাধ্যমে তার ফলোয়ার ক্যাবিনেটে প্রবেশ করতে পারবে।

**6.3.2.** ট্রেডারের নিবন্ধন

কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেটে একজন গ্রাহক বর্তমান চুক্তি গ্রহণ করার পর, সে ফরেক্সকপি সিস্টেমে একজন ট্রেডার হিসাবে নিবন্ধিত হয়। নিবন্ধনের সময় ট্রেডার তার সাথে যোগাযোগের তথ্য (ইমেইল, ফোন নম্বর এবং ওয়েব ম্যাসেঞ্জার) সরবরাহ করবে। যেসব ফলোয়ার ট্রেডার অ্যাকাউন্ট থেকে ট্রেড কপি করবে তাদেরকে যোগাযোগের এই তথ্যগুলো প্রেরণ করা হবে। ট্রেডার যেকোনো সময় যোগাযোগের তথ্য পরিবর্তন করতে পারবে। প্রতি লাভজনক ট্রেড সম্পন্ন হওয়ার পর ফলোয়ার অ্যাকাউন্ট থেকে ট্রেডার কী পরিমাণ কমিশন গ্রহণ করবে এবং ছুটির দিন ছাড়া অন্যান্য প্রতি সাবস্ক্রিপশন ডে এর জন্য ফলোয়ারের কাছ থেকে কী পরিমাণ কমিশন গ্রহণ করবে তা নিবন্ধনের সময় ট্রেডারকে নির্ধারণ করতে হবে। নিবন্ধন সম্পন্ন করার পর কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেটের মাধ্যমে ট্রেডার তার ট্রেডার ক্যাবিনেটে প্রবেশ করতে পারবে।

**6.4.** ট্রেড কপি করার জন্য ফলোয়ারের অনুরোধ

মনিটরিং লিস্ট থেকে ট্রেডারদের নির্বাচিত করে ফলোয়ার ক্যাবিনেট থেকে ফলোয়ার ট্রেড কপি করার অনুরোধ পাঠাতে পারে। ট্রেডার যদি কোনো অনুরোধ গ্রহণ করে, তাহলে অনুরোধ গ্রহণ করার ৩০ মিনিটের মধ্যে ট্রেড কপি হওয়া শুরু হবে। ট্রেডার যদি অনুরোধ বাতিল করে, তাহলে ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেড কপি হবে না।

**6.5.** ট্রেড কপি করার অনুরোধ ট্রেডার কর্তৃক গ্রহণ

ট্রেডার ক্যাবিনেটের মাধ্যমে ট্রেড কপি করার নতুন অনুরোধগুলো ট্রেডার দেখতে পাবে। নতুন অনুরোধ আসার পর থেকে ৭২ ঘণ্টার মধ্যে ট্রেডার তার ট্রেডার ক্যাবিনেটে নির্ধারিত অপশনগুলোর মাধ্যমে অনুরোধ গ্রহণ বা বাতিল করতে পারবে। ট্রেডারি যদি অনুরোধগুলো এড়িয়ে যায়, তাহলে অনুরোধ আসার ৭২ ঘণ্টার মধ্যে সেগুলো স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।

**6.6.** ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেড কপি শুরু হওয়া

ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেড কপি হওয়ার অনুরোধ ট্রেডার কর্তৃক গ্রহণ করার ৩০ মিনিটের মধ্যে ট্রেড কপি হওয়া শুরু হবে।

**6.7.** ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেড কপি বাতিল করা

ট্রেড কপি করা থেকে ফলোয়ার আনসাবস্ক্রাইব করার পর থেকে ৩০ মিনিটের মধ্যে ট্রেড কপি হওয়া বন্ধ হবে।

**6.8.** ট্রেডার এবং ফলয়ারের মুনাফা সম্পর্কিত তথ্য আপডেট হওয়া

ট্রেডার এবং ফলোয়ারের মুনাফা সম্পর্কিত তথ্য নিয়মিত আপডেট হবে। এই তথ্য ট্রেডার ক্যাবিনেট এবং ফলোয়ার ক্যাবিনেটে পাওয়া যাবে।

**6.9.** ট্রেডারের অ্যাকাউন্টে কমিশন প্রদান

ট্রেডারের অ্যাকাউন্টে প্রদেয় কমিশনের হিসাব এবং কমিশন প্রদান স্বয়ংক্রিয়ভাবে হয়ে থাকে। সাবস্ক্রিপশন বাতিল হওয়ার পর ফলোয়ার মুনাফা গ্রহণ করলে ট্রেড প্রতি কমিশন, প্রতি 0.01 লটের কমিশন এবং মুনাফার অংশ ফলোয়ারের অ্যাকাউন্ট থেকে ট্রেডারের অ্যাকাউন্টে প্রদান করা হবে। ফরেক্সকপি ট্রেডারের কাছে সাবস্ক্রিপশন চলাকালীন সময় ট্রেডিং এর ফলাফলের উপর ভিত্তি করে কমিশন হিসাব করা হয় (মোট মুনাফা এবং মোট ক্ষতি)। ফরেক্সে বন্ধের দিনগুলো বাদে অন্যান্য দিন ফলোয়ারের অ্যাকাউন্ট থেকে ট্রেডারের অ্যাকাউন্টে প্রতিদিনের কমিশন প্রাদান করা হবে।

**6.10.** ট্রেডারের অ্যাকাউন্টে অর্থ জমাকরণ

কোম্পানির ওয়েবসাইটের সিকিউর এরিয়া থেকে অর্থ জমা করার সাধারণ প্রক্রিয়া অনুযয়ী ট্রেডার তার অ্যাকাউন্টে অর্থ জমা করতে পারে। জমাকৃত অর্থ কোম্পানির কাছে আসার পর কোম্পানি ট্রেডারের অ্যাকাউন্টে প্রদান করবে।

**6.11.** ফলোয়ারের অ্যাকাউন্টে অর্থ জমাকরণ

কোম্পানির ওয়েবসাইটের সিকিউর এরিয়া থেকে অর্থ জমা করার সাধারণ প্রক্রিয়া অনুযয়ী ফলোয়ার তার অ্যাকাউন্টে অর্থ জমা করতে পারে। জমাকৃত অর্থ কোম্পানির কাছে আসার পর কোম্পানি ফলোয়ারের অ্যাকাউন্টে প্রদান করবে।

**6.12.** ফরেক্সকপি পরিসংখ্যানে প্রবেশ

ফরেক্সকপি পরিসংখ্যানের মধ্যে অন্তর্ভুক্ত:

**6.12.1.** কোম্পানির ক্লায়েন্ট ক্যাবিনেটে অ্যাকাউন্টগুলোর মনিটরিং করা। মনিটরিং পেইজে কোম্পানির ওয়েবসাইট এবং/অথবা কোম্পানির অফিসিয়াল পার্টনারদের ওয়েবসাইটগুলোর সারসংক্ষেপ থাকতে পারে।;

**6.12.2.** সর্বশেষ আপডেট অনুযায়ী ব্যালেন্স এবং ইকুইটি তথ্য;

**6.12.3.** ট্রেডারের অ্যাকাউন্ট এবং সাবস্ক্রিপশন হিস্ট্রি থেকে চলমান তথ্য কপি করা;

ফলোয়ার যেনো ট্রেডারের কার্যক্রমকে মনিটর করতে পারে, তাই কোম্পানি ফরেক্সকপি পরিসংখ্যান সরবরাহ করে। যাহোক, ট্রেডার এবং ফলোয়ারকে মনে রাখতে হবে যে, পরিসংখ্যান আপডেট হতে বিলম্ব হতে পারে, যা সাধারণ পরিস্থিতিতে ১-২ ঘণ্টার বেশি লাগে না।

**6.13.** ফলোয়ারের অ্যাকাউন্টে স্বয়ংক্রিয়ভাবে ট্রেড ক্লোজ হওয়া।

**6.13.1.** ট্রেড কপি করার জন্য প্রয়োজনীয় অর্থ যদি ফলোয়ারের অ্যাকাউন্টে না থাকে, তাহলে কারেন্ট প্রাইস অনুযায়ী সাম্প্রতিক সময়ে কপি হওয়া ট্রেডগুলো ফলোয়ারের অ্যাকাউন্টে ক্লোজ হয়ে যাবে। ক্লায়েন্ট ক্যাবিনেট থেকে "নতুন ট্রেড খুলতে অর্থের অভাব থাকলে চলমান ট্রেডগুলো ওপেন রাখুন" বাটন সক্রিয় করলে ট্রেডগুলো ক্লোজ হবে না।

**6.13.2.** ফলোয়ার যদি ট্রেডারকে কমিশন প্রদান করতে ব্যর্থ হয়, তাহলে ফলোয়ার অ্যাকাউন্টে কারেন্ট প্রাইস অনুযায়ী সাম্প্রতিক সময়ে ওপেন করা ট্রেডগুলো ক্লোজ হবে।

**6.14.** যদি ফলোয়ার অ্যাকাউন্ট এবং ট্রেডার অ্যাকাউন্ট একই ব্যক্তি বা প্রতিষ্ঠান বা ঘনিষ্ট স্বজনদের নামে থাকে, তাহলে ট্রেড হওয়া প্রতি লটের ভিত্তিতে কমিশন নির্ধারণ করে এই অ্যাকাউন্টগুলোর মধ্যে কপি করা নিষিদ্ধ।

**6.15.** অপজিট ট্রেড এর মাধ্যমে কোনো ট্রেড যদি আংশিকভাবে ক্লোজ হয়, তাহলে তা ফলোয়ারের অ্যাকাউন্টে কপি হবে না।

**6.16.** যেসকল ফরেক্স কপি ফলোয়ারদের প্যাম ট্রেডার স্ট্যাটাস রয়েছে তাদের কমিশনের পরিমাণ ব্যক্তিগত তহবিলের পরিমাণকে কমপক্ষে 5% অতিক্রম করলে তাদের সাবস্ক্রিপশন বাতিল করা হবে।

**7.** ঝুঁকি

**7.1.** ফরেক্সকপি সিস্টেমে নিবন্ধনের মাধ্যমে ট্রেডার এবং ফলোয়ার বর্তমান চুক্তিতে উল্লিখিত ঝুঁকি সম্পর্কিত ঘোষণা স্বীকার করে নিচ্ছে।

**7.2.** ফলোয়ার স্বীকার করছে যে, ট্রেডারের অ্যাকাউন্টে অসফল ট্রেডিং এর জন্য ক্ষতির ঝুঁকি রয়েছে।

**7.3.** ফলোয়ার স্বীকার করছে যে, 6.12 ধারা অনুযায়ী ফরেক্সকপি পরিসংখ্যানে

উল্লিখিত যেকোনো তথ্য সর্বশেষ তথ্যের সাথে অমিল থাকতে পারে। বিশেষকরে, ট্রেডার ক্ষতির সম্মুখীন হওয়া সত্ত্বেও, ফরেক্সকপি পরিসংখ্যান সময়মত আপডেট না হওয়ার কারণে ক্ষতি সম্পর্কিত সর্বশেষ তথ্য পরিসংখ্যানে প্রদর্শিত নাও হতে পারে। ব্যালেন্স, ইকুইটি এবং অন্যান্য তথ্য আপডেট হতে সাধারণ অবস্থায় ১-২ ঘণ্টার বেশি বিলম্ব হবে না।

**7.4.** ফলোয়ার স্বীকার করছে যে, মুনাফা, ব্যালেন্স এবং ইকুইটির তথ্য পরিসংখ্যানে আপডেট হতে বিলম্ব হতে পারে। ফলোয়ার আরও স্বীকার করছে যে, ফলোয়ার ক্যাবিনেটে সরবরাহকৃত তথ্য এবং ট্রেড কপি করে ফলোয়ার কর্তৃক প্রাপ্ত মুনাফা হিসাব করার জন্য ব্যবহৃত তথ্যের মধ্যে পার্থক্য থাকতে পারে।

**7.5.** ফলোয়ার এবং ট্রেডার স্বীকার করছে যে, সিস্টেম কর্তৃক অনুরোধ প্রক্রিয়াকরণ করতে ১৫ মিনিটের বেশি সময় লাগতে পারে। কোম্পানিতে কোনো টেকনিক্যাল সমস্যা হলে কোম্পানি সময়মত সাবস্ক্রিপশন গ্রহণ বা বাতিল করা এবং ফরেক্সকপি পরিসংখ্যান আপডেট করার নিশ্চয়তা প্রদান করে না। ট্রেডার এবং ফলোয়ার স্বীকার করছে যে, ফরেক্সকপি সিস্টেম অনুরোধ প্রক্রিয়াকরণ করতে বিলম্ব করতে পারে এবং এরফলে সংঘটিত যেকোনো ক্ষতির ঝুঁকি তারা বহন করবে।

**8.** অভিযোগ এবং বিবাদ

**8.1.** ফলোয়ার এবং ট্রেডার প্রথমে কোম্পানির সাথে ইমেইল যোগাযোগের মাধ্যমে ফরেক্সকপি সিস্টেমের টেকনিক্যাল রেগুলেশন সম্পর্কিত যেকোনো বিবাদ নিষ্পত্তি করবে এবং বিবাদ নিষ্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত এ সম্পর্কিত সকল তথ্য গোপণ রাখবে।

**8.2.** ফরেক্সকপি সিস্টেমের কার্যক্রম সম্পর্কে কোনো অভিযোগ পাওয়ার ৩০ দিনের মধ্যে কোম্পানি অভিযোগ বিবেচনায় নিবে। ফরেক্স মার্কেটে ট্রেডারের কার্যক্রমের জন্য কোনো ক্ষতির সম্মুখীন হলে, কোম্পানি এ জাতীয় কোনো অভিযোগ গ্রহণ করবে না।

**8.3.** সকল অভিযোগ এবং বিবাদ বর্তমান চুক্তির ভিত্তিতে বিবেচনা করা হবে। তবে কোনো বিষয় নিষ্পত্তিতে এই চুক্তি অপ্রতুল হলে, যৌক্তিক ভিত্তিতে নিষ্পত্তি করা হবে।

**9.** ভাষা।

**9.1.** বর্তমান চুক্তির ভাষা ইংরেজি।

**9.2.** গ্রাহদের সুবিধার জন্য কোম্পানি ইংরেজি ছাড়াও অন্যান্য ভাষার সংস্ক্রণ সরবরাহ করতে পারে। বর্তমান চুক্তির অনুবাদকৃত সংস্করণ শুধু তথ্য প্রাদানের জন্য।

**9.3.** যদি অনুবাদকৃত সংস্করণ ও ইংরেজি সংস্করণের মধ্যে কোনো অমিল পাওয়া যায়, তাহলে ইংরেজি সংস্করণ প্রাধান্য পাবে।